250

দৈনিক বাংলা

তারিখ ... 2.4 .APR 1995... ..
পৃষ্ঠা 7 কলাম ৬ ...

# ঢাকা ভার্সিটিতে আরও দেড়শ শিক্ষক নিয়োগ করা হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ চলতি শিক্ষা বছরে (১৯৯৪-৯৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন পর্যায়ে আরো দেড়শ নতুন শিক্ষক নিয়োগ করা হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় টিচার সিলেকশন কমিটি এ ব্যাপারে তাদের রিপোর্ট এ মাসের মধ্যে চূড়ান্ত করবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই শিক্ষা বছরে মোট দুশ শিক্ষক নিয়োগের ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের একটি সভায় সিদ্ধান্ত গৃহীত হয় গত সেপ্টেম্বরে।

সিদ্ধান্ত অনুযায়ী এ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের বিভিন্ন বিভাগে ২৫ জন শিক্ষককে 'লেকচারার' পদে নিয়োগ দেয়া হয়েছে।

এছাড়া যে দেড়শ শিক্ষকের নিয়োগদানের ব্যাপারে সিদ্ধান্ত চূড়ান্ত করা হচ্ছে

(৮-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

তাদের আগামী জুলাই মাস নাগাদ পর্যায়ক্রমে নিয়োগ দেয়া হবে।

চলতি বছর যেসব শিক্ষক অবসরগ্রহণ করেছেন কিংবা বিদেশে গিয়ে ফিরে আসেননি এবং বিভিন্ন সময়ে চাকরিচ্যুত হয়েছেন সেসব শিক্ষকের শূন্যস্থান এই নিয়োগের মাধ্যমে পূরণ করা হবে।

যেসব বিভাগে এই নিয়োগ চূড়ান্ত করা হচ্ছে সেগুলি হবে ইংরেজী, মনোবিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান, আইন, ভূগোল ও সমাজবিজ্ঞান।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গত ফেব্রুয়ারী মাসে বিশ্ববিদ্যালয় সিলেকশন কমিটি শিক্ষক নিয়োগ সংক্রান্ত সর্বশেষ বৈঠকে এ ব্যাপারে বেশ কিছু শিক্ষক নিয়োগের ফাইল চূড়ান্ত করেন।

এছাড়া বাকীগুলি এই মাসেই চূড়ান্ত করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের মুখ্য ভূমিকা পালন করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর। দীর্ঘদিন বিশ্ববিদ্যালয়ে প্রো-ভাইস চ্যান্সেলরের পদ শূন্য থাকায় বেশ কিছু শিক্ষকের নিয়োগ সংক্রান্ত কমিটি তাদের বৈঠক শেষ করতে পারেনি।

সূত্র জানান, এ মাসের মধ্যে এই কমিটি তাদের চূড়ান্ত রিপোর্ট পেশ করবেন।